

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০৩.২৪-৬৬


তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বৃত্তি বিজ্ঞপ্তি

বিষয় : ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষার জন্য বৃত্তির দরখাস্ত আহ্বান।

দেশের বীমা শিল্পের জন্য ডিগ্রিধারী একচুয়ারির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচুয়ারির জন্য মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

- আবেদনকারী যুক্তরাজ্যের Institute and Faculty of Actuaries, UK (IFoA-UK), Society of Actuaries, USA (SoA-USA) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠানে নিবন্ধনকরত: বিষয়ভিত্তিক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থী এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন;
- আবেদনকারী বিষয়ভিত্তিক পরীক্ষায় নিবন্ধন করার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিবন্ধন ফি সংক্রান্ত Invoice-বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করার পর এতৎসংক্রান্ত অর্থ পরিশোধ করা হবে;
- IFoA-UK, SoA-USA বা সমমানের কোন সোসাইটিতে ১(এক) বিষয়ে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পর ৫(পাঁচ) বছর পর্যন্ত 'একচুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল' এর অর্থায়নে এক বিষয়ে সর্বোচ্চ ২ (দুই) বার বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে দ্বিতীয়বার পরীক্ষা দেয়ার পরও যদি কোন বিষয়ে কৃতকার্য না হোন, এক্ষেত্রে নিজ খরচে তৃতীয়বার পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তৃতীয়বারের পরীক্ষায় অংশগ্রহণপূর্বক কৃতকার্য শিক্ষার্থীর পরীক্ষার ফি উক্ত তহবিল থেকে পরবর্তীতে পুনঃভরণ করা হবে। তবে কোন অবস্থাতেই ৪র্থবার কোন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য 'একচুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল' হতে বৃত্তি প্রদান করা হবে না;
- সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ চাইলে আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;
- আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;
- সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, IFoA, SoA-USA বা সমমানের প্রতিষ্ঠান হতে মডিউলভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণকসহ আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে;
- আবেদনের সময়সীমা আগামী ৩০ এপ্রিল, ২০২৫ তারিখ, বুধবার, বিকাল ০৫:০০ টা এবং
- কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং পরিবর্ধন এবং যে কোন বৃত্তিপ্ৰাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।



(ড. দেলোয়ার হোসেন)

যুগ্মসচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

সদস্য-সচিব, স্টিয়ারিং কমিটি

☎ ০২-৫৫১০১৩৮৭

ই-মেইল: js.insurance@fid.gov.bd